PROSNOTTUR COWMOODY

OR

A DIALOGUE

OF

SALUTARY INSTRUCTION.

প্রশ্নোত্তর কৌমুদী।

অর্থাৎ

বালকদিগের হিত প্রবোধের নিমিত্ত

প্রশ্নোত্তর ছলে

বিবিধ বিষয়ক হিতজনক বাক্য

শ্রীশম্ভুচন্দ্র ঘোষ কর্তৃক সংগৃহিত

সন ১২৫২ শাল।

Calcutta:

PRINTED BY CHUNDERSEAKER BI[illegible]OO NO. 3, MISSION-ROW.

1845

অনুষ্ঠান।

অস্মদ্দেশ নিবাসি অশেষ গুণরাশি জনপদহিতৈষি বিদ্বানেরা এতদ্দেশীয় ভদ্র সন্তান দিগের নীতিজ্ঞান ও সভ্যতা সম্পাদনার্থে গৌড়ীয় সাধুভাষায় বিবিধ পুস্তক প্রণয়ন করিয়াছেন যদ্দ্বারা বালকেরা দেশীয়া সাধুভাষায় ব্যুৎপন্নচিত্ত হইয়া ভদ্র সমাজে সভ্য দিগেরন্যায় বাক্য বিন্যাসে সক্ষম হইতেছে, কিন্তু যাহারা আমাদিগের মুনি বা কবি বাক্য জানিতে অভিলাষ করে তাহার দিগকে অবশ্য সংস্কৃত শ্লোক পাঠ করিতে হয় ও সংস্কৃত পাঠে যোগ্যতা সাধন নিমিত্ত অগ্রে ব্যাকরণ জ্ঞান আবশ্যক হয় এইরূপে কেবল সাধুভাষানুশীলনে সচেষ্ট দিগের সংস্কৃত দর্শন দুঃসাধ্য হয় সুতরাং সংস্কৃত শ্লোকের কোন উপদেশ প্রাপ্ত হইতে পারেনা। এই হেতু আমরা মধু মক্ষিকার ন্যায় পণ্ডিত প্রণীত নানা প্রকার শ্লোকের ভাবার্থ সংকলন করিয়া বালক দিগের আশু বোধগম্য ও অভ্যাস সুগমের নিমিত্তে প্রশ্নোত্তর প্রবন্ধে প্রশ্নোত্তর কৌমুদী নামক এইক্ষুদ্র পুস্তক প্রস্তুত করিলাম বোধকরি ইহাতে বালকেরা অল্লায়াসেই নানা প্রকার শাস্ত্রীয় উপদেশ প্রাপ্তহইবে ও পরস্পর বাক্য প্রসঙ্গে প্রশ্ন করিতে বা কোন প্রশ্নের উত্তরদিতে অনায়াসে যোগ্য হইবে॥

অত্র যৎস্খলিতং স্যান্মে প্রমাদেন ভ্রমেণবা।
যাচেহং প্রাঞ্জলির্ভূত্বা সন্তঃসংশোধয়ন্তুতৎ॥

যদিহয় দোষ জ্ঞান, করিয়া করুণাদান, শোধন করিবে শুদ্ধবুদ্ধি। বিনয় বচনবৃথা, কৃশানু নাকরে কোথা, সুবর্ণের বিবর্ণ বিশুদ্ধি॥

প্রশ্নোত্তর কৌমুদী।

প্র, সদা স্মরণীয় ও বিস্মৃতি যোগ্য কত কথা ও তাহার কি প্রকার?

উত্তর, চারি কথা, দুই সর্ব্বদা স্মরণ ও দুই বিস্মরণ যোগ্য, বিশেষ এই শ্রীশ্রীপরমেশ্বর ও মৃত্যু নিরন্তর স্মরণীয় ও তোমার মন্দ যে করিয়া থাকে ও তুমি যাহার উপকার করিয়া থাকহ তাহা বিস্মরণ যোগ্য.

প্র. মূর্খ যদি অতি সুন্দর হয় তাহার সংসর্গ উচিত কিনা?

উ. অসির রূপ উত্তম কিন্তু সংঘাতক.

প্র. পণ্ডিতের সঙ্গ হইলে অজ্ঞের বুদ্ধি কি উদ্দীপন হয়?

উ. যাদৃশ বর্ষার জল শুষ্ক ভূমির তৃণাদির উপর.

প্র. দুঃসহ ভার ও সুরস পদার্থ কি?

উ. ঋণ ও আময় রহিত জীবন.

প্রশ্ন. বালকের কর্ত্তব্য কি?

উত্তর, জনক জননী ও শিক্ষাগুরু এই তিনের আজ্ঞাবহ হইয়া সাধ্যানুসারে বিদ্যোপার্জনে যত্নযুক্ত হইবে.

প্র. পণ্ডিত কি রূপ ও সঙ্গ কি ফলদায়ক?

উ. দীপস্বরূপ সঙ্গের গুণ যেমন দীপ হইতে দীপ.

প্র. কুকর্ম্মী কে?

উ. যে আত্মহিত না দেখে.

প্র. মিথ্যা কথনের ফল কি?

উ. ফল এই, যেব্যক্তি একবার মিথ্যাকহে সে সত্য কহিলে ও কেহ বিশ্বাস করেনা.

প্র. পীড়া রূপি শত্রুর কি করা উচিত?

উ. যোগ্যবৈদ্য ও ঔষধি দ্বারা দমন, যাবৎ তাহার সংযোগ নাহয় তাবৎ অযোগ্য ঔষধি না করা, কেননা অবিহিত ঔষধি ওমূর্খ বৈদ্য দ্বারা যাদৃশ তাপকর তাদৃশ তাপ পীড়ার স্বীয় স্বভাবে নহে.

প্র. বিদ্যা লাভের ফল কি?

উ. অর্থ সাধন ও ধর্ম্ম, বিদ্যাতেই হয়, অতএব বিদ্বান লোকেরা ইহলোকে সর্ব্বত্র যশস্বী ও

রাজ পূজিত হইয়া পরলোকে বহুতর কাল পর্য্যন্ত স্বর্গ ভোগ করেন.

প্র. কোন্ পিতা মাতা বালকের শত্রু ?

উ. যে পিতা মাতা আপন সন্তানদিগকে বিদ্যা-শিক্ষা না করান.

প্র. অযোগ্য যাচ্ঞা কি ?

উ. কৃপণ ও দরিদ্র দাতার নিকট.

প্র. কুসংসর্গে কাল যাপন করিলে কিহয় ?

উ. যেমন তাম্র থলিয়াতে স্বর্ণ রাখিলে সে বিবর্ণ হইয়া তাম্র বর্ণ প্রাপ্তহয় সেইরূপ অসৎ সংসর্গে থাকিলে সদ্ব্যক্তি ও মলিন বুদ্ধি হইয়া অসৎ স্বভাব প্রাপ্ত হয়.

প্র. সৎ সঙ্গের গুণ কি ?

উ. যেমন পুষ্প সহবাসেতে কীট ও সজ্জন-দিগের মস্তকে আরোহণ করে অথবা যেমন উদয়াচলস্থ দ্রব্য সকল সূর্য্য সন্নিকর্ষে উদ্দীপ্ত হয় তদ্রূপ পণ্ডিত সংসর্গে মূর্খ ব্যক্তি ও প্রবীণত্ব প্রাপ্ত হইয়া তাহাদিগের সহিত গণিত হয়.

প্র. উত্তমাধম প্রকৃতি কাহার ?

উ. পরের হিত ও অহিত প্রিয় যাহার.

প্রশ্ন, মনুষ্যের বুদ্ধি কোন পর্য্যন্ত স্থির থাকে ?
উত্তর, যে পর্য্যন্ত ইন্দ্রিয়গণ আপন বশে থাকে.
প্র. গুরুতর আঘাত কে সহিষ্ণু ?
উ. দাতা কৃপণের অধীন.
প্র. তাপিত শ্রেষ্ঠ কে ?
উ. লঘু কর্তৃক উত্তপ্ত যে.
প্র. বিদ্যাশিক্ষা না করিলে কিহয় ?
উ. কোন ভূমিতে উত্তম সস্যাদির বীজ বপন না করিলে তাহা যেমন কণ্টক বৃক্ষে পরিপূরিত হয়, তদ্রূপ বিদ্যালোচনা না করিলে চৌর্য্য, হিংসা, কলহ ইত্যাদি দোষে মন আবৃত হইয়া মূর্খ নামে বিখ্যাত হয়.
প্র. পণ্ডিত কিসে বোধ হইবে ?
উ. বিদ্যাভ্যাসে মনের সকল দোষ যে সময় শান্ত হইবেক.
প্র. আয়ুঃ অল্প ব্যাপার বাহুল্য কর্ত্তব্য কি ?
উ. যে কর্ম্ম শ্রীশ্রীভগবানের প্রীতিকর হয় তাহার সাধন.
প্র. অজ্ঞ লোকের দুর্ব্বাক্য প্রয়োগে বুদ্ধিমানের কর্ত্তব্য কি ?
উ. দুর্ব্বাক্যে সর্ব্বথা উপেক্ষা কর্ত্তব্য অর্থাৎ শ্রুত

বাক্য অশ্রুতের ন্যায় জ্ঞান করিয়া মনকে উদ্বেগ শূন্য করিবেক.

প্র. পাপের ফল ও ঔষধি কি?

উ. পাপের ফল বেদনা, ও ত্যাগ ঔষধি, কিন্তু ইহা গ্রহণের অধিকারি পুনরায় আর পাপ না করিবার দৃঢ় প্রতীজ্ঞা যুক্ত হইয়া শ্রীশ্রীক্ষমাকর নিকটে ক্ষমা প্রার্থনা করাই ঔষধি আর যত প্রায়শ্চিত্ত কেবল ব্যবহারিক.

প্র. মন চক্ষুকে আকর্ষণ কে করে?

উ. সৎ কথা ও সুন্দর অক্ষরে।

প্র. কোন্ কর্ম্ম করিলে সকলের প্রিয় হয়?

উ. সকলের প্রতি স্নেহ প্রকাশ পূর্ব্বক সর্ব্বজনের প্রিয়কারি ও স্বাভাবিক মিষ্টভাষি হইলে সকলের প্রেমাস্পদ হয়।

প্র. এ জগতে সচেতন কে?

উ. যে বুদ্ধি মান্।

প্র. ধনবান কাহাকে বলে?

উ. বর্ত্তমান অবস্থাতে যাহার মন সন্তুষ্ট থাকে সেই ব্যক্তির সর্ব্ব সম্পত্তি যেহেতুক অসন্তুষ্ট কোটাশ্বর ও দুঃখ ভাগী হয়।

প্রশ্ন, কোন্ ব্যক্তি মরণান্তে ও জীব. মানেরন্যায় অবস্থিতি করে?

উত্তর, যাহার কীর্ত্তি চিরস্থায়িনী।

প্র. এ অসার সংসারের মধ্যে 'দেহ' নির্ব্বাহের উত্তম উপায় কি?

উ. বিনা অসদুপার্জনের ধন।

প্র. মর্ম্ম পীড়ক কটু বাক্য কথনে দোষ কি?

উ. পরমেশ্বর যাহার নিমিত্তে রসনাকে নিরস্থি করিয়াছেন তাহা বিফল হয়।

প্র. মূর্খের নিকট নম্র হওনে লাভ কি?

উ. মাকাল ফল যত অধিক জলদিয়া পাল করিবে তত তিক্তাধিক্য হইবেক।

প্র. কাহার দেহ মরণ পর্য্যন্ত অশুচি থাকে?

উ. শাস্ত্রোক্ত ক্রিয়াহীন, মুর্খ ও মহারোগী এই তিনের।

প্র. পণ্ডিতের সহিত পরামর্শে লাভ কি?

উ. কর্ম্ম একবার করিলে তাহাকে পুনর্ব্বার করিতে হয়না ও তাহার প্রত্যবায় জন্য পাপ প্রবেশ করেনা।

প্র. অসৎ সঙ্গ কি উপকারি?

উ. যদি দৈবাৎ প্রাণ রক্ষা পায় তথাচ মান থাকেনা।

প্রশ্ন. কোন্ সময়ে মিত্র লাভ হয় ও কখন্ বা তাহার পরীক্ষা হয়?

উত্তর. সম্পৎ কালে বন্ধু লাভ হয় ও বিপৎ সময়ে তাহার পরীক্ষা হয়।

প্র. চক্ষুষ্মান্ কে?

উ. যেব্যক্তি পক্ষপাত রহিত হইয়া সম্যক্ প্রকারে আত্মদোষ দর্শনে পটু।

প্র. মাদক দ্রব্য পান ও ভোজনে নিষেধ কি নিমিত্ত?

উ. সকল ব্যাপার সাধনের বীজ মন ও বুদ্ধি ঐ উভয়ে অন্ধ কূপে পতিত হইলে তাহার দিগের উদ্ধার কে করিবে।

প্র. আত্মেন্দ্রিয় দমনে অশক্ত হইলে কি ঘটে?

উ. অপরাধ ও অপমান ও লজ্জা ও প্রাণের উপর আঘাত ও শাসনে অক্ষমতা ঘটে।

প্র. তাপের সময়ে কি কর্ত্তব্য?

উ. মনকে শান্ত রাখিয়া নিবারণ উদযোগে তাপ স্বাকার পূর্ব্বক তাপের দমনে উচিত।

প্র. অত্যল্প উপকার কি সদা স্মরণীয়?

উ. উপকার শব্দ স্বভাব সিদ্ধ লঘু নহে অতএব গুরু কদাপি বিস্মৃতির যোগ্য নহে।

প্রশ্ন. কোন্ তিন দায় গ্রস্তের প্রতি দয়া যোগ্য ?

উত্তর. অর্থের অধীন পণ্ডিত, ও অসৎ প্রভুর সেবক ধর্ম্মশীল, ও দরিদ্র দাতা কৃপণের নিকট জীবিকা প্রার্থী ।

প্র. দুরাত্মারা সতের দোষ কথনে ও গুণ গোপনে লাভ কি করে ?

উ. মক্ষিকা ঘৃত অপ্রিয় করিয়া যেমন মল মূত্র ও ক্ষত রস গ্রহণ পূর্ব্বক উদর পূরণ করে অথবা যেমত শূকর পদ্মময় পুষ্করিণীতে কর্দ্দম মাত্র অন্বেষণ করে ।

প্র. কোন্ ছয় জন দুঃখ ভাগী ?

উ. ঈর্ষী, ঘৃণী, অসন্তুষ্ট, ক্রোধী, নিত্য শঙ্কিত, ও পরভাগ্যোপজীবি ।

প্র. অন্যের দুঃখ দেখিয়া হর্ষে কি দোষ ?

উ. ঋতুর পরিবর্ত্তে শীত গ্রীষ্মের ন্যায় সুখ দুঃখ নিরন্তর সকলের জন্যে নিয়মিত আছে অতএব তোমার দুঃখে জগৎ হাসিবেক ।

প্র. কোন বিষয়ে আপনাকে বড় জানিয়া অহ-ঙ্কার করিলে কি হয় ?

উ. সর্ব্বাপেক্ষা আপনাকে নীচ পদস্থ প্রতিপন্ন

করা হয়, কেননা আপনাকে ক্ষুদ্র রূপে নাজ্ঞা নিলে মহৎ হইবার অভিলাষ হয়না।

প্র. পণ্ডিতের ত্যজ্য কি ও ভয় কাহাকে বিধি?

উ. মূর্খসহিত বাদানুবাদ ত্যজ্য ও উন্মত্তকে শঙ্কা কর্ত্তব্য।

প্র. সকলের দাস কে?

উ. যে আশার দাস।

প্র. অযাচিতে দান কি উত্তম?

উ. যাচ্ঞার পর দিলে বিনিময় হয় অতএব অযাচকে দেওয়া বিধি।

প্র. হিত কথা লিখিয়া রাখনে লাভ কি?

উ. শ্রবণ পঠনাপেক্ষা লেখায় দৃঢ় সংস্কারহয় এবং বিস্মৃত হইলে ঐ লিপি দেখিয়া পুনর্ব্বার স্মরণ করিতে পারে।

প্র. কোন্ ধন দান করিলে বৃদ্ধিহয় ও চৌর কর্তৃক অপহৃত না হয়?

উ. বিদ্যাধন।

প্র. উত্তম স্বভাবের আবশ্যক কি?

উ. রাত্রি কালে দীপ সহ পথে চলিলে আত্ম ও অন্যের উপকার।

প্র. কোন্ ব্যক্তি অন্যের দোষে আপনি দণ্ডভোগ

করে ও আত্মকৃত অগ্নির দ্বারা আপনিই দগ্ধ হয়?

উ. যেব্যক্তি অত্যন্ত ক্রোধী।

প্র. কাহার পরামর্শ অগ্রাহ্য?

উ. আত্মম্ভরি ব্যক্তির কথা অমান্য;

প্র. কোন্ সর্প অতি আশ্চর্য্য?

উ. খলের জিহ্বারূপ যে সর্প সে অতি অপূর্ব্ব যে হেতুক সে একের কর্ণমূলে দংশন করিলে অন্যের জীবন সংশয় হয়।

প্র. পণ্ডিত ও মূর্খের কাল যাপন কিরূপে হয়?

উ. শাস্ত্রালোচনা বা সৎপ্রসঙ্গে বিজ্ঞগণের কাল হরণ হয় ও দিবানিদ্রা, ক্রীড়া, অনর্থকবাক্য, বৃথা পর্য্যটন বা কলহে মূর্খের কালক্ষেপণ হয়।

প্র. পণ্ডিত ও মূর্খেতে ভিন্ন কি?

উ. যেমত কাক কোকিলের বিশেষ অর্থাৎ ইহারা যেমন আকারে ও বর্ণে প্রায় সমান তেমনি পণ্ডিত ও মূর্খ আকার প্রকারে সমান কিন্তু কেবল কণ্ঠস্থ স্বর দ্বারা বিশেষ পার্থক্য জানা যায়।

প্রশ্ন, কোন্ ব্যক্তির কার্য্যের স্থিরতা নাই ?

উত্তর, যাহার মনের নিত্যতা নাই।

প্র. কোন্ দ্রব্য পবিত্র থাকিলে কোন কর্ম্মে বিঘ্ন হয় না ?

উ. মন শুচি থাকিলে সর্ব্বকার্য্য সিদ্ধিহয়।

প্র. কোন তিন জনকে নত রাখা উচিত ?

উ. স্ত্রী পুত্র দাস।

প্র. বক্তার সৌভাগ্য কি ?

উ. শ্রোতা বিজ্ঞ ও শ্রবণেচ্ছুক হয়।

প্র. বুদ্ধিমান ও মূর্খ কে ?

উ. অন্যের অহিত কারণ দেখিয়া আত্ম সাবধান যে হয় সেই বুদ্ধিমান্, আর মূর্খ সেই যাহার অহিত কারণ দেখিয়া অন্যে সাবধান হয়।

প্র. শ্রীশ্রীঈশ্বর হইতে প্রার্থনীয় কি ?

উ. সুবুদ্ধি আর ক্ষমা।

প্র. কর্ম্মের ভার কাহার উপর দেওয়া যোগ্য ?

উ. যে ব্যক্তি তৎকর্ম্মে পারগ, ও সৎ ও অঙ্গীকৃত স্বীয় প্রীতি পূর্ব্বক হয়।

প্র. নিঃশঙ্ক কাহা হইতে থাকি ?

উ. সৎকর্ম্ম ও সল্লোক হইতে।

প্রশ্ন, সদা যোগ্য ও প্রিয় কি ?

উত্তর, ইহপারলৌকিক হিত জনক কর্ম্মে মগ্ন ও আবৃত থাকন।

প্র. যৌবন বার্দ্ধক্য কি সুখদ ?

উ. বিদ্যাধনার্জন ও তৎ ফল সম্যক্ রূপেভোজন।

প্র. কোন্ সত্য তিমির জনক হয় ?

উ. অন্যের নিকট আত্ম গোপ্য কথন।

প্র. কর্ম্ম উদ্যোগাধীন কি অন্যাধীন ?

উ. সৎ শ্রমের বাণে শ্রীভগবৎ কৃপা সন্ধান করেন।

প্র. যৌবন ও বার্দ্ধক্যের স্বভাব কি ?

উ. যৌবনে লজ্জা ও ত্বরা বার্দ্ধক্যে গাম্ভীর্য্য ও মৃদুতা।

প্র. পাপ আশ্রয় কর কি ?

উ. আত্মকৃত দান পরে তাহা পুনরায় স্মরণ।

প্র. অন্তর কাহা হইতে থাকা বিধি ?

উ. মনুষ্যত্ব হীন, শঠ, ও দুর্ম্মুখ হইতে!

প্র. এমত কোন্ দ্রব্য সর্ব্ব প্রিয় কিন্তু সচরাচর অনুসন্ধানে মেলেনা ?

উ. নিরাময় শরীর, সত্য বন্ধ, ও আনন্দ।

প্র. উত্তম কর্ম্ম কি ?

উ. কুকর্ম্মের ত্যাগ।

প্রশ্ন, বহু আয়াসলব্ধ ক্ষণে নাশ এমত কি?

উত্তর, প্রত্যুপকার ও যশ আদি বাঞ্ছায় দান।

প্র. প্রাজ্ঞের শোভাকর কি?

উ. সত্যবাক্য ও যাজন।

প্র. পুরুষত্বের বোধক কি?

উ. বল ও ক্ষমতা সত্ত্বে ক্ষমাকরণ।

প্র. উপকার কাহার নাম?

উ. অসৎ কে অসৎ হইতে রক্ষাকরণ।

প্র. কোন্ ব্যক্তির সকল নষ্ট হয়?

উ. যাহার ধনক্ষতি হয় তাহার অনেক যায়, ও যাহার বন্ধু হানিহয় তাহার আরো অধিক যায়, কিন্তু যাহার সাহস যায় তাহার সকল যায়।

প্র. আজ্ঞা মান্য কাহার?

উ. শাস্ত্র, পিতা মাতা গুরু পণ্ডিত ও রাজার কিন্তু অসদাজ্ঞা ভিন্ন।

প্র, ধর্ম্মের নিমিত্তে ধনাকাংক্ষা কি ভাল?

উ. কর্দ্দম লেপন করিয়া হস্ত ধৌত করণাপেক্ষা পঙ্কস্পর্শ না করাই ভাল।

প্র. ক্রোধের আসন কোথায়?

উ. অজ্ঞানের হৃদয়ে।

প্রশ্ন, জীবের জীবন বৃথা কোন্ কার্য্যে?

উত্তর, হিত সাধন ভিন্ন সময়।

প্র. অপরাধির প্রতি কর্ত্তব্য কি?

উ. ক্ষমা কর্ত্তব্য, যদি তাহা করিতে নাপার তবে তাহার প্রতি মনে মনে ক্রোধ করণাপেক্ষা বরং প্রকাশিত রূপে তিরস্কার করা ভাল।

প্র. কটুবাক্যের উত্তরে দুর্ব্বাক্য কথনে দোষ কি?

উ. তাহার ন্যায় তুল্য নীচত্ব স্বীকার করা।

প্র. কোন্ বীজ এমত যে একস্থানে বপন করিয়া দুই স্থলে শস্য লাভহয়?

উ. জনপদের উপকার।

প্র. মনুষ্য কোন্ সময়ে সদুপদেশ গ্রাহ্য না করে?

উ. যেমন শরীরে রোগ হইলে সুপথ্য ভোজনে অনিচ্ছা জন্মে তদ্রূপ ক্রোধের উদয় হইলে সৎপরামর্শ গ্রাহ্য হয়না।

প্র. অতি ক্লেশ কর পীড়া কি?

উ. দরিদ্রতা ও শোক।

প্র. জ্ঞানির প্রথম বিবেচনা কি?

উ. জগতের সৃষ্টি দেখিয়া তাহার কারণ নির্ণয় করা।

প্র. ধর্ম্ম পথে প্রবেশ করিবার প্রথম সোপান কি?

উ. কুকর্ম্ম হইতে নিবৃত্ত হওয়া।

প্রশ্ন, কুকর্ম্ম কি?

উত্তর, সৎকর্ম্মের পরিত্যাগ।

প্র. জীবনের সুখ কি?

উ. স্ববশ থাকা।

প্র. কৃপণের ধনের গতি কি?

উ. যেমত মধু মক্ষিকারা পরিশ্রম দ্বারা নানা স্থান হইতে মধুবিন্দু সংগ্রহ করিয়া আপন চক্র পূর্ণ করে পরে লোকেরা তাহাদের মুখে অগ্নি দিয়া সর্ব্বস্ব কাড়িয়া লয়।

প্র. বুদ্ধিমান কাহার নাম?

উ. বাক্যালাপে, জ্ঞাত অনেক, ও লিপি রচন বিস্তারে পারগ।

প্র. কোন্ ব্যক্তির সহিত তর্ক করিবেনা?

উ. যেজন যুক্তি ও বিচারদ্বারা আপনবাক্য সংস্থাপন করিতে নাপারে, ও পরাস্ত হইয়াও আপন ভ্রান্তি স্বীকার নাকরে।

প্র. জ্ঞানের উদ্রেক কি?

উ. আপনাকে অজ্ঞ জানিয়া বিজ্ঞের উপদেশ গ্রহণে ব্যগ্রতা।

প্র. বাল্যকালে কি শিক্ষা কর্ত্তব্য?

উ. বয়ঃ প্রাপ্ত হইলে যাহা প্রয়োজনীয়।

প্রশ্ন, প্রধান গুরু কে?

উত্তর, ব্যবস্থা।

প্র. আকাঙ্ক্ষী অধিক কে?

উ. যাহার মনের পরিমাণ বোধনাই।

প্র. ঈশ্বর আমাদিগের দুইকর্ণ ও এক জিহ্বা সৃষ্টি করিয়াছেন কি নিমিত্তে?

উ. অধিক শ্রবণ করিতে ও অল্পবাক্যকহিতে।

প্র. বন্ধুকে শত্রু ও শত্রুকে মিত্র কে করে?

উ. অহঙ্কার ও দাতৃত্ব।

প্র. অহঙ্কারী লোক তাহার নিকট হইতে দূর যাইতে কহিলে দুখঃকি?

উ. বরং সুখের বিষয়, যেহেতুক আমি তাহা হইতে যত দূরে যাইব সেও আমা হইতে তত অন্তরে থাকিবে।

প্র. কৃপণেরা ধনদানে অশক্ত কেন?

উ. যেহেতুক কৃপণদের সিন্দুকের চাবি মৃত্যুর হস্তে, এই হেতু তাহারা সর্ব্বদা প্রায় সত্য কহিয়া থাকে যে "আমার হাতে কিছূনাই"।

প্র. স্থিরতা কাহা হইতে হয়?

উ. সত্য ও বিচার হইতে।

প্রশ্ন, জগতে উত্তম কি ?

উত্তর, ধনসম্পদ্ বিদ্যাসত্ত্বে নত থাকন, ও স্বীয় শ্রমে কাল হরণ, ও দয়াদ্র চিত্তে কাল যাপন।

প্র. মন্দা কি ?

উ. ধন সত্ত্বে কৃপণতা ও মৃত্যু সত্ত্বে মত্ততা।

প্র. কাহার দ্বারা আত্ম দুঃখ বারণ করি ?

উ. নিস্পৃহ বিজ্ঞ, ধর্ম্মশীল ও পরোপকারে রত যে হয়।

প্র. ত্রিজগতে নিষ্কর্ম্মী কে ?

উ. ইহ পার লৌকিক হিত সাধনে উদ্যোগ রহিত যে।

প্র. কৃপণ লোক কিসের ন্যায় ?

উ. যেমত বালুকাময় ভূমি তাহাতে বৃষ্টি হইলে শোষণ করিয়া লয় কিন্তু ফলোৎপাদক হয় না।

প্র. কোন্ পাঁচ দ্রব্য শ্রীশ্রীভগবদধীন ?

উ. প্রিয়াস্ত্রী, সন্তান ও ধন ওমান ও দীর্ঘজীবন।

প্র. ভাগ্যবান কে ?

উ. যাহার ব্যাক্য ও ক্রিয়া জগতের উপকার গণনায় স্মরণীয় ও প্রকাশ থাকে।

প্র. ধনের প্রভু ও দাসকে ?

উ. দাতা ও কৃপণ।

প্রশ্ন, ভগবদুপাসনা কিমতে করিব?

উত্তর, কায়, মনো বাক্যে দৃঢ়তা দ্বারা।

প্র. কৃপণেরা ধনগোপন সময়ে মৃত্তিকা খনন কেন করে?

উ. তাহাদের অধোগতি হইবে ইহা নিশ্চয় জানিয়া অগ্রে আপনার পথ নির্ম্মাণ করে।

প্র. সদ্বন্ধুর চিহ্ন কি?

উ. পরোক্ষে অদোষ দর্শে সাক্ষাৎ হিতকর অপ্রিয় বক্তা, ও গোপ্য প্রকাশ না করে ও আহার ব্যবহারে পৃথক্ নাহয় ও সুখ দুঃখের অংশী ও মানাপমানে যে সমদর্শি, কিন্তু দুর্লভ।

প্র. উচিত কি?

উ. দণ্ডে বিলম্ব, উপকারে ত্বরা ও আপদে সহিষ্ণুতা।

প্র. কোন দ্রব্য কাহাকে দিয়া পুনরায় নগুনে দোষ কি?

উ. আপনাকে কৃপণ ও ধর্ম্মহীন প্রতিপন্ন করণ।

প্র. বুদ্ধি মানের অসহ্য কি?

উ শোক সেবা, বেদনা, শাত্রবতা ও দ্বেষ।

প্র. বান্ধবতা কেমনে জানিব?

উ. আপদে ও পরোক্ষে।

প্র. বুদ্ধির উত্তম পরীক্ষা কি ?

উ. আপদুদ্ধারে সদুদ্যোগী ও কোন শৌর্য্যকর্ম্ম করিয়া আপনি না কহে ও কিঞ্চিদুপকৃত হইয়া যাবজ্জীবন না ভুলে।

প্র. দাতা কেমনে জানিব ?

উ. দৈন্যাবস্থার কর্ম্মে।

প্র. মূর্খগণকে নিরস্ত কেমতে রাখিব ?

উ. দৃঢ় আজ্ঞা দ্বারা।

প্র. ত্যাগী কে ?

উ. ধন সত্ত্বে ভোগ বাঞ্ছা রহিত।

প্র. দৌর্ভাগ্য কাহার গণ্য ?

উ. বিত্ত ও বিদ্যা সত্ত্বে ভোগ ও হিতসাধনে অশক্ত।

প্র. শত্রু নির্ণয় কেমতে করিব ?

উ. আপন মন দর্পণে যে জনের প্রতি অকারণে স্নেহের ন্যূনতা বিচার সহ বুঝিবে তাহাকে শত্রু জানিবে।

প্র. প্রীতি কাহার সহিত করিব ?

উ. যে তোমাকে অপ্রিয় করে তাহার সহিত করিবেনা তদ্ভিন্ন সকলের সহিত।

প্র. ব্যবহারিক বন্ধু কাহার নাম ?

উ. লাভে অনেক স্নেহ অলাভে ধন মান প্রাণগ্রাহী।

প্র. চক্ষুঃ সত্ত্বে অন্ধ কে ?

উ. বর্ণজ্ঞানাভাবে শাস্ত্র দর্শনে অক্ষম যে।

প্র. এজগতে বীর পুরুষ কে ?

উ. ইন্দ্রিয় শাসনে ক্ষমতাপন্ন যে।

প্র. পিতার প্রিয় কি ?

উ. সন্তানের আজ্ঞাবহতা।

প্র. গুরুর সৌভাগ্য কি ?

উ. শিষ্যের মেধা।

প্র. রাজার স্বভাবের উৎকর্ষতা কি ?

উ. দৃঢ় প্রতিজ্ঞা যাহাতে শত্রু নত ও আত্মীয় আনন্দিতে থাকেন।

প্র. দুর্জ্জনের সহিত প্রীতি কিরূপ ?

উ. মৃত্তিকার কলসের ন্যায় শীঘ্র ভগ্ন হয় কিন্তু পুনর্ব্বার যোগ হওয়া অসম্ভব।

প্র. সজ্জনের সহিত মিত্রতা কি প্রকার ?

উ. তৈজস ঘটের ন্যায় ভগ্ন হওয়া দুঃসাধ্য যদি দৈবাৎ ভগ্ন হয় শীঘ্র পুনর্ম্মিলন হয়।

প্র. জ্ঞানি ও মূর্খ বিপদ সময়ে কিরূপ হয় ?

উ. স্বর্ণ ও তৃণের ন্যায়।

প্র. তত্ত্বজ্ঞানির কর্ত্তব্য কি ?

উ. রিপুদমন ও ঈশ্বরের নিয়ম পালন।

প্র. সজ্জন ও দুর্জ্জন লোক কিরূপ ?

উ. সজ্জনেরা নারিকেলের ন্যায় বাহ্য কর্কশ কিন্তু অন্তর শীতল, আর দুর্জ্জনলোক বদরিকার ন্যায় কেবল বহিঃসৌন্দর্য্যে মনোহর কিন্তু অভ্যন্তর পাষাণ ময়।

প্র. জীব লোকে সুখদ কি ?

উ. নিত্য অর্থের আগমন, অরোগিতা, প্রিয়া অথচ প্রিয়বাদিনী ভার্য্যা, বশ্যপুত্র ও অর্থ করিবিদ্যা।

প্র. কোন্ ব্যক্তি আপদ সময়ে অধিক দুঃখ না পায় ?

উ. যে তাহা পূর্ব্বে জানিতে পারে।

প্র. অষ্ট বিধ ধর্ম্ম কি ?

উ. যাগ, অধ্যয়ন, দান, তপস্যা, সত্য, ধৈর্য্য ক্ষমা ও অলোভ।

প্র. ধনবান্কে দান করা কেমন ?

উ. যেমন নিরোগীকে ঔষধ সেবন।

প্র. পাপের কারণ কে ?

উ. লোভ।

প্র. ধনেচ্ছু লোকের ত্যজ্য কি ?

উ. নিদ্রা, তন্দ্রা, ভয়, ক্রোধ, আলস্য ও দীর্ঘ সূত্রতা।

প্র. সাধু লোকের দয়া কিরূপ ?

উ. যেমন চন্দ্রের জ্যোৎস্না।

প্র. কোন্‌ব্যক্তি বন্ধুর পরামর্শ অবহেলা করে ?

উ. যাহার আপদ নিকট।

প্র. কোন্ দেশে বাস কর্ত্তব্য নয় ?

উ. যেস্থানে ঋণদাতা, বৈদ্য, শ্রোত্রিয়ব্রাহ্মণ ও নদী এই চতুষ্টয় নাই।

প্র. শত্রুতা ও মিত্রতা কাহার সহিত কর্ত্তব্য ?

উ. স্ব সমানের সহিত।

প্র. কাহার জন্ম বৃথা ?

উ. যাহার যৌবনকালে দরিদ্রতা ও শৈশবে মাতৃহীনতা ও বার্দ্ধক্যে পুত্র হীনতা হয়।

প্র. মহতের বাক্য কিরূপ ?

উ. হস্তিদন্তের ন্যায়, অর্থাৎ যেমন হস্তির দন্ত একবার নির্গত হইয়া পুনর্ব্বার প্রবেশ না করে তাদৃশ মহল্লোকের মুখ নির্গত যে বাক্য তাহার অন্যথা কদাচ হয় না।

প্রশ্ন নীচলোকের কথা কেমন ?

উত্তর কূর্ম্মগ্রীবার ন্যায়, অর্থাৎ যেমত কচ্ছপের মুখ নির্গত হইয়া পুনর্ব্বার প্রবিষ্ট হয় তদ্রূপ নীচ লোকের বাক্যের স্থৈর্য্য নাই।

প্র. অকপট কাহাকে বলি ?

উ. যাহার অন্তর্ব্বাহ্য সমান।

প্র. খলকি সর্পের ন্যায় ক্রুর ?

উ. বিষধর হইতেও খল অতি বিষম, যেহেতু সর্প আপন জাতির অনিষ্টকারি নয়, কিন্তু খলেরা স্বকুল দ্বেষীহয়!

প্র. অষ্টাদশবিদ্যার মধ্যে কোন বিদ্যা শ্রেষ্ঠ ?

উ. যেমত মুক্তাময় মালার মধ্যে মধ্যনায়ক শোভাপায় ও যেমন জ্যোতির্গণের মধ্যে দিনকৃৎ দীপ্তি পান তাদৃশ অষ্টাদশ বিদ্যার মধ্যে শাস্ত্রীয়া বিদ্যা শোভাপায়।

প্র. অতি গোপনে কুকর্ম্ম করিলে তাহার দণ্ড দাতা কে হয় ?

উ. আপন মন, অর্থাৎ যদ্যপি লোকলজ্জা হইতে রক্ষাপায় তথাপি আপনার মন তাহাকে সর্ব্বদা ভর্ৎসনাকরে।

প্রশ্ন. কোন্ব্যক্তি বিবেচনা থাকিতে ও কুকর্ম্মকরে?

উত্তর যাহার মন্ত্রী ও সভাষদ অসৎহয়।

প্র. কাহার মন সর্ব্বদা অসন্তুষ্ট থাকে?

উ. যাহার অন্তঃকরণ ক্রূর ও বিকার যুক্তহয়।

প্র. কোন দুরাত্মার পাপের ক্ষমা নাই?

উ. যে অসৎকর্ম্ম করিয়াও আপনাকে ধার্ম্মিক করিয়া জানে।

প্র. লোকের অতি প্রিয় কি?

উ. আপন২ ইষ্ট সাধন।

প্র. অনর্থক বাক্যব্যয় কি ভাল?

উ. না, বরং তাহা হইতে মৌনাবলম্বন শ্রেষ্ঠ।

প্র. বাক্ সিদ্ধ কে?

উ. যে কেবল সত্যকহে।

প্র. সভ্য কাহাকে কহি?

উ. যে ব্যক্তি সভার উপযুক্ত, অর্থাৎ যিনি সভাতে প্রস্তাব ও সদ্বক্তৃতা করিতে ও সিদ্ধান্ত বিষয়ে পোষকতা করিতে ও হিতাহিত বিবেচনা করিতে পারগ, তাহারি নাম সভ্য, নতুবা উত্তম পরিচ্ছদ ও অলঙ্কারাদিতে ভূষিত হইয়া সভা গৃহের চিত্র লিপির ন্যায় বসিয়া থাকিলে সভ্য কহা যায়না।

প্রশ্ন বিদ্বানের গৌরব কোথায় ?

উত্তর পণ্ডিত ও গুণ গ্রাহির নিকট।

প্র কোন্ ২ দ্রব্য ভক্ষণীয় নহে ?

উ. যাহাতে শরীরের পীড়া ও বুদ্ধির ব্যত্যয় জন্মায়।

প্র. এজগতে ক্ষণ ধ্বংসি ও কল্পান্তস্থায়ী কি ?

উ. শরীর ও যশ।

প্র. ইন্দ্রিয় দমন কাহাকে বলে ?

উ. কাম ক্রোধাদিকে এরূপে নিয়োগ করণ যাহাতে স্বীয় ও পরের অনিষ্ট না হয়।

প্র. পরের মন্দ আচরণ দেখিয়া বা শুনিয়া হৃদয়ে যখন ক্রোধের সঞ্চারহয় তখন কর্ত্তব্য কি?

উ. তখন পক্ষপাত বিহীন হইয়া অন্তর্দৃষ্টি দ্বারা আপনার দোষরাশি নিরীক্ষণ করিবে।

প্র. দরিদ্র দাতা কে ?

উ. যেজন পরের দুঃখে দুঃখী হইয়া শারীরিক শ্রম স্বীকার পূর্ব্বক সাধ্যানুসারে পরোপকারকরে।

প্র. অন্তঃকরণ উত্তম কাহার ?

উ. যে কোন অবস্থাতে যথা উপস্থিত বিষয়ে যাহার মন সন্তুষ্ট থাকে।

প্রশ্ন দুঃখের মূল কে ?

উত্তর স্নেহ, কেননা যেবস্তুতে আমাদের স্নেহ নাই সে বস্তুর বিয়োগেতে দুঃখ জন্মেনা।

প্র. বাল্যকালে সদুপদেশের আবশ্যকে কি ?

উ. যেমন নূতন পাত্রে সংলগ্ন যেচিহ্ন তাহারঅন্যথা হয় না তদ্রূপ বাল্যকালে যে সংস্কার জন্মে তাহার মোচন হয়না, অতএব পুত্র ও শিষ্যকে শিশুকালাবধি সুসংস্কারাপন্ন করিবেক।

প্র. দান গ্রহণের অধিকারি কে ?

উ. সৎপাত্র ও দরিদ্র যে।

প্র. বৃদ্ধ কে ?

উ. জ্ঞান গরীয়ান যে।

প্র. শরীরের মধ্যে এমত মহারিপু কে যে দেহকে অবসন্ন করিয়া সকল কার্য্যহইতে অক্ষমকরে ?

উ. আলস্য।

প্র. শরীরকে কিরূপে রাখা উচিত ?

উ. স্নান প্রক্ষালন ও ধৌত বস্ত্রাদি পরিধান দ্বারা দেহকে সর্ব্বদা পরিষ্কৃত ও শুচি রাখিবেক।

প্র. অঙ্গ পরিষ্কারে ফলকি ?

উ. দেহ পরিষ্কৃত থাকিলে মনও পবিত্রীকৃত হয় ও শরীরের স্বচ্ছন্দতা জন্মে।

প্রশ্ন কোন্ কর্ম্মে লোক শীঘ্র দরিদ্রহইয়াহা নষ্ট হয় ?

উত্তর অপরিমিত সুরাপান ও বেশ্যাগমনে।

প্র. উত্তম. বেশ ভূষা. বিশিষ্ট মূর্খের গৌরব কোথায় ?

উ. বাহ্য দর্শির নিকটে।

প্র. মনুষ্য ভদ্র কিসে হয় ?

উ. জাতি সম্পত্তি, রূপাদিতেই পুরুষ ভদ্রহয়না কিন্তু মনের ও ব্যবহারের ভদ্রতাই ভদ্রতা।

প্র. পাপের পুরস্কার কি ?

উ. ইহলোকে রাজদণ্ড ও লোকলজ্জা এবং পর লোকে নরক যন্ত্রণা।

প্র. কোন্ চিকিৎসক আত্মরোগ নির্ণয়ে অক্ষম ?

উ. যে পরকে. উপদেশ দিতে পণ্ডিত কিন্তু আপনি পুনর্যথেষ্টাচারি হয়।

প্র. ধার্ম্মিক কাহাকে বলাযায় ?

উ. যে ব্যক্তি জগৎ কর্ত্তার প্রতি দৃঢভক্তি যুক্ত হইয়া আপন কদাচার শোধন করে।

প্র. জীবনেচ্ছু লোকের কর্ত্তব্য কি ?

উ. স্বভাবত প্রবৃত্ত মল মূত্রাদির বেগধারণ করিবেকনা কিন্তু কাম ক্রোধাদির বেগ সম্বরণ কর্ত্তব্য।

প্রশ্ন একের কথা মান্য কি অনেকের বাক্য গ্রাহ্য?

উত্তর অনেক মূর্খ অপেক্ষা একবিদ্বানের কথ শিরোধার্য্য।

প্র. দুষ্টের প্রতি দয়া বিহিত কিনা?

উ. দুরাত্মার প্রতি অনুগ্রহ প্রকাশ করিলে উত্তমের প্রতি নিষ্ঠুরাচরণ হয়।

প্র. অকর্ত্তব্য কি?

উ. অর্থলাভার্থে ধর্ম্ম বিক্রয় করা।

প্র. কোন চতুষ্টয় অনর্থের কারণ হয়?

উ. যৌবন, ধনসম্পত্তি, প্রভুত্বও অবিবেকতা।

প্র. ধনের সার্থকতা কি?

উ. পরমানন্দে উপভোগ ও দরিদ্রকে বিতরণ।

প্র. তাস পাশকাদি ক্রীড়ায় হানি কি?

উ. সময় নষ্ট, মানহানি, শরীরের অসুস্থতা, ধনের অপচয়, ও পরিবারের ক্লেশ ইত্যাদি ঘটে।

প্র. ধন দ্বারা জ্ঞানলাভ হয় কিনা?

উ. বরং জ্ঞানদ্বারা ধনলাভ হয় কিন্তু ধনহইতে জ্ঞানের সম্ভাবনা ও নাই।

প্র. কোন্ কর্ম্মকরা বিধি?

উ. যেকর্ম্ম করিয়া পশ্চাৎ অনুতাপ করিতেনাহয়।

প্রশ্ন আপাততঃ মনরঞ্জন কারি পশ্চাৎ তাপকর এমত কর্ম্ম কে করে ?

উত্তর যাহার পরিণাম দর্শিতা নাই।

প্র. পরিবারের সুখ কি ?

উ. পরস্পর মিলন।

প্র. কোন্ বাক্য শ্রোতব্য নহে ?

উ. পরের নিন্দা ও গোপনীয় কথা।

প্র. ঈশ্বরের পূজা কিরূপে করিব ?

উ. দ্রব্য সামগ্রী ও বাহ্য ইন্দ্রিয় হস্ত পদাদি অপেক্ষা ভক্তি যুক্ত মনের দ্বারা পরমেশ্বরের পূজা কর্ত্তব্য।

প্র. মহাত্মার লক্ষণ কি ?

উ. বিপদ কালে ধৈর্য্য, সভায় বাক্ পটুতা যুদ্ধেতে বিক্রম, ক্ষমতা থাকিতে ক্ষমা ও যশে অভিরুচি।

প্র. সন্তানের সৌভাগ্য কি ?

উ. ধার্ম্মিক পিতা মাতা।

প্র. বঞ্চকের বাক্য কিরূপ ?

উ. বিষমিশ্রিত দুগ্ধের ন্যায়।

প্র. পণ্ডিত ও মূর্খকে বশ করিব কিসে ?

উ. সদালাপ ও কদাচারে।

প্রশ্ন ঈশ্বরের সত্ত্বা কিরূপে নিশ্চয় হয়?

উত্তর জগতের সৃষ্টি স্থিতি ভঙ্গ দেখিয়া. অর্থাৎ যেমন সুগঠিত প্রতিমা বা মনোহর অট্টালিকাদি দর্শনে তন্নির্ম্মাণ কর্ত্তার আশ্চর্য্য কীর্ত্তি ব্যক্তহয় তদ্রূপ এই অচিন্ত্য রচনা বিশিষ্ট জগতকে দেখিয়া ইহার সৃষ্টি কর্ত্তা এক সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান পরমেশ্বরের বিদ্যমানতা নিশ্চয় হয়।

প্র. ধর্ম্মনিষ্ঠ গৃহস্থের কর্ত্তব্য কি?

উ. যেমন কূর্ম্মেরা স্বকীয় অণ্ডাদির প্রতি এক নিশলে দৃষ্টি রাখিয়া জলমধ্যে ইতস্তত সঞ্চরণ করে তাদৃশ ঈশ্বরের প্রতি প্রণিহিত মনা ও জাগরূক থাকিয়া স্ত্রীপুত্রাদিকে গ্রাশাচ্ছাদনাদি প্রদান দ্বারা পরিতুষ্ট রাখিয়া প্রতিবাসি দিগের প্রিয়কারি ও প্রেমাস্পদ হইয়া পরম প্রীতিতে সংসার পয়োধির পরপার প্রাপ্ত হইবে।

সমাপ্তোয়ং গ্রন্থঃ ॥